

সারাদেশ

পড়া না পারায় শিক্ষার্থীকে মারধর, হাসপাতালে চিকিৎসা শেষে বাড়ি ফিরল আফরিন

প্রতিবেদক: তজুমদ্দিন (ভোলা) প্রতিনিধি

প্রকাশের তারিখ: বুধবার, ২৩ সেপ্টেম্বর ২০২৬, ০৫:২৬ PM



ভোলার দৌলতখানে পড়া না পারায় দশম শ্রেণির এক শিক্ষার্থীকে শিক্ষক মারধর করেছেন বলে অভিযোগ উঠেছে। গুরুতর অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হওয়ার পর চিকিৎসা শেষে বাড়ি ফিরেছে আফরিন আক্তার।

গত ১৭ সেপ্টেম্বর চরগুমানী স্কুল অ্যান্ড কলেজের শ্রেণিকক্ষে এ ঘটনা ঘটে বলে পরিবারের অভিযোগ। তাদের দাবি, পড়া না পারায় শিক্ষক মেহেদী হাসান আফরিনকে মারধর করেন। একপর্যায়ে অসুস্থ হয়ে পড়লে তাকে ভোলা ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়।

পরে অবস্থার উন্নতি না হওয়ায় তাকে বরিশালের শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়। চিকিৎসা শেষে গত ২০ সেপ্টেম্বর আফরিনকে বাড়িতে নিয়ে আসেন তার বাবা মোহাম্মদ শহীদ।

তিনি বলেন, □আমার মেয়ে কিছুটা সুস্থ হয়ে বাড়ি ফিরেছে। তবে আমরা উদ্বিগ্ন। সাত দিনের সময় দিয়েছি। এর মধ্যে অভিযুক্ত শিক্ষককে স্কুল থেকে বাদ দিতে হবে। না হলে আইনগত ব্যবস্থা নেব।□

অভিযোগের বিষয়ে প্রধান শিক্ষক শাহাবুদ্দিন বলেন, বিষয়টি ম্যানেজিং কমিটির সঙ্গে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

এ ঘটনায় সুষ্ঠু তদন্ত ও দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা দাবি করেছে আফরিনের পরিবার। শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিত করতে বিদ্যালয় কর্তৃপক্ষের কার্যকর পদক্ষেপও দাবি করেছেন স্থানীয় অভিভাবকরা।



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পানবার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গু...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সুনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা
ছাত্রদের আশ্রয়ক ঘো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/prana-paray-shiksharthike-mardhr-haspatale-chikitsa-sheshe-bari-firl-afrin>